

স্মারক নং- বি সি সি/পঃ বি;নঃ- ৩/২০- ৬৮

তারিখ: ২৭ মাঘ ১৪২৬
১০ ফেব্রুয়ারি ২০২০

শুমারিকর্মী (তালিকাকারী ও সুপারভাইজার) নির্বাচন বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' কার্যক্রমে 'তালিকাকারী ও সুপারভাইজার' পদে নির্বাচন করার লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র বরিশাল সিটি কর্পোরেশন এলাকায় বসবাসকারী বেকার নারী/পুরুষ এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে স্বহস্তে পূরণকৃত নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র:নং	পদের নাম	প্রাপ্য ভাতাদি (টাকা)	প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
০১)	সুপারভাইজার	প্রশিক্ষণ: ৪০০/- (প্রতিদিন) পারিতোষিক: ৮৫০০/- (ভ্যাটসহ)	১) ন্যূনতম স্নাতক/সমমান পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং স্মার্টফোন চালানায় দক্ষতা থাকতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। ৪) স্মার্টফোনের স্ক্রীনসাইজ ন্যূনতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে। ৫) ০১/০২/২০২০ তারিখে বয়স ২০-৪০ বৎসরের মধ্যে হতে হবে। ৬) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৭) উপর্যুক্ত শর্তাবলী পূরণসাপেক্ষে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে।
০২)	তালিকাকারী	প্রশিক্ষণ: ৪০০/- প্রতিদিন। পারিতোষিক: ৮০০০/- (ভ্যাটসহ)	১) ন্যূনতম এইচএসসি/সমমানের পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং স্মার্টফোন চালানায় দক্ষতা থাকতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। ৪) স্মার্টফোনের স্ক্রীনসাইজ ন্যূনতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে। ৫) ০১/০২/২০২০ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে। ৬) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৭) উপর্যুক্ত শর্তাবলী পূরণসাপেক্ষে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে।

বিঃদ্র: উল্লিখিত হার প্রকল্পের বর্তমান ডিপিপি'র বর্ণনা মোতাবেক। তবে ডিপিপি সংশোধিত হলে, জাতীয় স্বার্থে প্রয়োজন দেখা দিলে কিংবা নতুন বিধিমালা জারি বা এধরনের ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে উক্ত হার পরিবর্তিত হতে পারে। তালিকাকারী ও সুপারভাইজার এর পারিশ্রমিক মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করা হবে।

শর্তাবলী:

- নির্ধারিত আবেদন ফরম www.barishalcity.gov.bd ও www.bbs.barisal.gov.bd থেকে ডাউনলোড করা যাবে।
- লিষ্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০) কার্যক্রমের সময় মোট ১০ (দশ) দিন। প্রতি তালিকাকারী উক্ত ১০ (দশ) দিনে কম-বেশি ৪০০ (চারশত) খানার তালিকা করবেন।
- লিষ্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।
- কেবলমাত্র বেকার যুবক/যুবতীরা শুমারিকর্মী হিসেবে আবেদন করতে পারবেন। চাকরিরত কোন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।
- প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- লিষ্টিং অপারেশন সময়ে প্রার্থী নিজেই অন্য কোন কর্মে নিযুক্ত করতে পারবেন না।
- নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে এবং কমপক্ষে ৫০% মহিলা তালিকাকারী ও সুপারভাইজার হিসেবে নিয়োগ করা হবে।
- লিষ্টিং অপারেশনে তালিকাকারী ও সুপারভাইজারগণের কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মান হলে তারা মূলশুমারিতেও যথাক্রমে গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পেতে পারেন।
- সকল পদের দরখাস্তের খামের উপর ডানপার্শ্বে পদের নাম, নিজ ওয়ার্ড এবং মহল্লার নাম উল্লেখপূর্বক আগামী ১৬/০২/২০২০খি. তারিখের মধ্যে বরিশাল সিটি কর্পোরেশন এর নির্দিষ্ট বাঞ্ছ সারাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে।
১০. ১৬/০২/২০২০ খি. তারিখের মধ্যে যথানিয়মে আবেদনপত্র দাখিলকারীগণের বাছাই পরীক্ষা নিম্নোক্ত তারিখে সকাল ৯:০০ ঘটিকায় বরিশাল সিটি কর্পোরেশন এ অনুষ্ঠিত হবে।
১১. বাছাই পরীক্ষার তারিখ: বিসিসি ওয়ার্ড নং ০১-১০ : ১৭.০২.২০২০ খি. তারিখ
বিসিসি ওয়ার্ড নং ১১-২০ : ১৮.০২.২০২০ খি. তারিখ
বিসিসি ওয়ার্ড নং ২১-৩০ : ১৯.০২.২০২০ খি. তারিখ
১২. লিষ্টিং অপারেশনের জন্য নির্বাচিতদের তালিকা বরিশাল সিটি কর্পোরেশন, বরিশাল এর নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। এছাড়াও জেলা পরিসংখ্যান অফিস, বরিশাল ও বরিশাল সিটি কর্পোরেশন এর ওয়েবসাইটেও প্রকাশ করা হবে।
১৩. নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিক বাতিল হয়ে যাবে।
১৪. নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

প্রধান নির্বাহী কর্মকর্তা
ও
সভাপতি